পোদ্দার পিক্‌চার্সের

বাসর

একমাত্র পরিবেশক রঙ্‌ রূপ প্রোডাকসন্স লিঃ

পোদ্দার পিকচার্সের নিবেদন

পরিচয়

-বাস্তব-

প্রযোজনায় : নবদ্বীপচন্দ্র পোদ্দার ও শান্তিরঞ্জন সাহা ০ কাহিনী, চিত্রনাট্য, সংলাপ ও গীত রচনা : ফণী গাঙ্গুলী।

সঙ্গীত পরিচালনা : সত্যজিৎ মজুমদার।

আলোক শিল্পী : বিশু চক্রবর্ত্তী।

শব্দ যন্ত্রী : ৺এম, কে ব্যানার্জ্জী ও মান্না লডিয়া।

শিল্প নির্দ্দেশক : কার্ত্তিক বসু ও মনিময় ব্যানার্জ্জী।

স্থির চিত্র : ষ্টিল ফটো সার্ভিস লিঃ।

ব্যবস্থাপনা : গৌর গোপাল সাহা ও
বীরেন মুখোপাধ্যায়

ধারা রক্ষী : পোদ্দার পিকচার্স ষ্টাফ্।

রূপ সজ্জাকর : ৺অভয় পদ দে।

সম্পাদনা : অজিত দাস।

প্রচার পরিচালনা : ধীরেন মল্লিক।

সহকারীগণ :—

পরিচালক : সুরেন চক্রবর্ত্তী, দুলাল গুহ, তপন মিত্র, শচীন মুখার্জ্জী।

চিত্র শিল্পী : রেজাক, অমিয়, সুনীল।

শব্দ যন্ত্রী : রমাপদ।

সম্পাদনা : প্রফুল্ল সেন গুপ্ত, অনিত মুখার্জ্জী।

ভূমিকায় :

প্রণতি ঘোষ, সুনীল দাসগুপ্ত, পদ্মা দেবী, ভানু বন্দোপাধ্যায়, শিখারাণী বাগ, বীরেশ্বর মুখোপাধ্যায়
কবিতা রায়, গৌতম, সত্যেন চক্রবর্ত্তী, যমুনা সিংহ, মাষ্টার খোকন, শান্তা দেবী, ননী মজুমদার,
ইলা চক্রবর্ত্তী, গৌরী ব্যানার্জ্জী প্রভৃতি।

আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত ও বেঙ্গল ফিল্ম লেবোরেটরী লিঃ-এ পরিস্ফুটিত
কালীফিল্ম ও ইন্দ্রপুরী ষ্টুডিওতে গৃহীত।

একমাত্র পরিবেশক : রঙ্ রূপ প্রোডাকসন্স লিঃ— ৫৬, বেন্টিঙ্ক ষ্ট্রীট, কলিকাতা।

কাহিনী

সামান্য পঞ্চাশ টাকা মাইনের কেরাণী হলেও অলক ছিল শিক্ষিত, বিশ্ববিদ্যালয়ের কৃতী ছাত্র। ভাল চাকরী না হোক, ভাল ছেলেটির ওপর ভরসা করেই প্রফেসর সেন তাঁর মেয়ের বিয়েতে পাত্র নির্বাচন করলেন অলককে। বিখ্যাত গায়িকা মায়া উপার্জন করতো প্রচুর অর্থ। সমাজের এক বিরাট অর্থ-সমস্যার সমাধান হয়ে গেল অলক-মায়ার বিয়েতে...। সামান্য কেরাণীর সংসার প্রাচুর্য্যে ভরে' তুললো মায়া তার উপার্জ্জন দিয়ে।... "তুমি সমাজের অনেক ওপরে, তুমি শিক্ষায় বড়, গুণে বড়....." স্বামীর কাছে সমস্ত অন্তর দিয়ে স্বীকার করতো মায়া। "তোমার টাকায় সস্তা সমাজের অর্থহীন নাম-যশও, হয়তো প্রশ্রয় পাই"-এমন কত আবদার নিয়ে অলক দাঁড়াতো মায়ার সামনে।

তারপর ?...



(১)

এই জীবনের মধুমাসে
আমি একা, আমি একা।
অচিন্ পথিক এলে কাছে
হবেনা চোখের দেখা।
হারিয়ে যেতে বড় সাধ জাগে,
এম্‌নি পথের বাঁকে—
একা সাধ জাগে।
মনের কথা বলতে মানা
লুকানো রয়েছে লেখা।
দুহাত পেতে চাইনে কিছু
মিষ্টি করে ডাকলে পিছু
প্রাণ – পিয়ালায় প্রাণ ঢালি
রাঙ্গাণো চরণ-রেখা।

(২)

লগন বয়ে যায়
ওগো বর, ওগো বঁধু
লগন বয়ে যায়।
ফুলশরে গাঁথ ফুল
চাই মালা, চাই ফুল
চম্পা জাগেরে দখিনায়।
মাথায় টোপর পর, পর পর
ছিঃ বল্‌বে কি !
লোকে বল্‌বে কি !
ও বউ মুখ দেখি
দেখি মুখ দেখি।
চন্দনে টিপ আঁকি
শুক শারি মেল আঁখি ;
উলু দে, উলু দে, ওরে আয়।

সঙ্গীত

(৩)

তুমি তুমি শুধু তুমি
আমি নই তুমি গো
শুধু তুমি।
তোমারি আঁখি জাগে
আমার আকাশটী চুমি।
আমি নই গো
আমি নই বাহিরে
বাহুলতা মোর তোমারে ঘিরে।
তোমারি মালা গাঁথি
মালারি ফুল সে তুমি।
তুমি ঠিক মনের মত
বল্‌বো কত
মনের মত।
কি চাইনি কি পাই চাহিতে
তুমি জান শুধু মন দিতে
(প্রিয়) মন নিতে
তোমারি চাঁদ মুখে
চাঁদের ছায়া সে তুমি।

(৪)

এ জগতে
সবই যেন আছে—
বড় কাছে কাছে,
তুমি সরে গেছ দূরে।
তোমার আমার গানগুলি
আজও জেগে রয় সুরে।
তুমি আর আমি ছিনুগো পিয়াসী পান্থ
বাসা বাঁধিবার পথে পথে বড় ক্লান্ত ;
সে দিনের কথা শুধু কথা যেন
প্রাণ খোঁজে ঘুরে ঘুরে।
তুমি ডেকেছিলে মনের ফাগুন উড়ায়ে
ঢেলেছিলে মধুমায়া
পরশ পাথর পাইনিত পথে কুড়ায়ে
কেন তবে মরুছায়া।
(বল) কার ভালবাসা ধূলিতে জাগালো আলো
কার ছলনার আঘাতে আকাশ কালো
এ জীবন— ছবি শুধু যেন ছবি।
আলেয়ার মুকুরে॥



মূক পৃথিবী, অন্ধ আঁধার-তল।
জীবন-ছন্দ বুঝিগো হারালো
ওরে ও পথিকদল।
আকাশে-আকাশে বিষ—ঢালা কালি
সবুজ কে দিল মরুপথে ডালি ;
জীবন সে নয়, জীবনের ছায়া শুধু
মিছে হলো চঞ্চল।
ভুলিবার নয় প্রথম দিনের বাঁশী
'উৎসব শেষ'— বাজে তার সুর।
(আজি) বিদায়ের কালো হাসি।
হংস—বলাকা মেলিবে কি পাখা
দুনয়ন তার মরু—ঝড়ে ঢাকা
পাথেয় যে নাই, চলিবায় পথ শুধু
জীবনের একি ছল !

অঞ্চল হলো ধূলিভার।
আলো—ছায়ারি অঙ্গনে করি খেলা।
খেলা শুধু হলো সার।
আজি কি মাটির কবি
আঁধারে লুকানো ছবি !
আমার জীবন সাজাতে
লেখনী চলেনা তাঁর !
কঙ্কন হলো মায়াডোর।
দুহাত বাড়াতে বন্ধন বুঝি ফাঁকি
ফাঁকি শুধু সাথে মোর।
কে জাগে আঁখির মাঝে
আঁখিজল ধরে না যে !
অস্ত—রবির আগুনে
মনে পড়ে অভিসার।



অজু মন ঝুমত বন মাতায়ারে
শুভ ঘরি অইয়ে মঙ্গল গায়ে
সাজ সখিরি ক্যাঞ্চন থালি
প্রীতম আয়ে আরতি উতায়ে

—০—

তুমসে না বলু ব্যায়ন্‌রে
প্রীতম তেরে পাস্ না যাঁও
হ্যামসে ছিপায়ে করত বর বলিয়া
মিত কূপ জন ঘর জ্যাও
পাস্ নেহি মেরি আও—

—০—

প্রচার সচিব ধীরেন মল্লিক কর্তৃক রঙ্‌ রূপ প্রোডাকসন্স লিঃ-এর পক্ষ হইতে সম্পাদিত ও প্রকাশিত এবং ইম্পিরিয়াল আর্ট ষ্টুডিও,
কলিকাতা ৬ হইতে মুদ্রিত।